ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩০০
জিরানীয়া, ২৩ এপ্রিল, ২০২৫

**জিরানীয়া ব্লকভিত্তিক পশুপাখি মেলা**

**কৃষকগণ পশুপালনের মাধ্যমেও স্বনির্ভর হয়ে উঠছেন ঃ পর্যটনমন্ত্রী**

কৃষকরা আমাদের অন্নদাতা। তাদের আর্থিক ভিত্তিকে শক্তিশালী ও স্বনির্ভর করে তুলতে রাজ্য ও কেন্দ্রীয় সরকার নানা জনকল্যাণমূলক প্রকল্প বাস্তবায়ণ করে চলেছে। আজ প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে জিরানীয়া ব্লকের শচীন্দ্রনগর গ্রামপঞ্চায়েতের কাঁঠালতলীতে একদিবসীয় ব্লকভিত্তিক পশুপাখি মেলা ও প্রদর্শনীর উদ্বোধন করে একথা বলেন পরিবহণ, খাদ্য ও পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। তিনি আরও বলেন, সরকার সমাজের প্রতিটি স্তরের মানুষের উন্নয়নের লক্ষ্যে কাজ করে চলেছে। কৃষকগণ আজ শুধুমাত্র চাষাবাদ করেই নয়, পশুপালনের মাধ্যমেও আর্থিকভাবে স্বনির্ভর হয়ে উঠেছেন। এতে তাদের জীবনযাত্রার মান যেমন উন্নত হচ্ছে, তেমনি গ্রামীণ অর্থনীতিও শক্তিশালী হচ্ছে। তিনি বলেন, সরকার সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস এই মূলমন্ত্রকে পাথেয় করে কৃষকদের উন্নয়নের জন্য নানান প্রকল্প বাস্তবায়ণ করছে। তিনি পিএম কিষাণ সম্মান নিধি, সহায়ক মূল্যে ধান ক্রয় কর্মসূচি ও প্রাণীসম্পদ উন্নয়নমূলক নানা সহায়তা প্রকল্প সম্পর্কেও বিস্তারিত আলোচনা করেন। তিনি কৃষকদের এই সব প্রকল্পের সুফল গ্রহণ করার আহ্বান জানান।

এই পশুপাখি মেলা ও প্রদর্শনীতে আশপাশের বিভিন্ন গ্রাম থেকে কৃষক ও পশুপালকগণ অংশগ্রহণ করেন এবং আধুনিক পশুপালন পদ্ধতি ও প্রাণীসম্পদ উন্নয়ন সংক্রান্ত বিষয়ে বিভিন্ন তথ্য ও প্রদর্শন উপভোগ করেন। জাতীয় লাইভস্টক মিশনের অন্তর্গত এই একদিবসীয় মেলায় স্বাগত বক্তব্য রাখেন জিরানীয়া প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের সহ অধিকর্তা প্রীতম সরকার। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস, জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ, জিরানীয়া বিএসি চেয়ারম্যান শুভমনি দেববর্মা, জিরানীয়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান রূপালী দাস, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অধিকর্তা ডা. এন কে চঞ্চল, বিশিষ্ট সমাজসেবী রণজিৎ রায় চৌধুরী প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শচীন্দ্রনগর গ্রামপঞ্চায়েতের প্রধান অনুপ দাস। পশুপাখি মেলা উপলক্ষে মৎস্য, কৃষি ও প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে প্রদর্শনী স্টল খোলা হয়। একদিবসীয় পশুপাখি প্রদর্শনী অনুষ্ঠানে যেসকল পশুপালক অংশগ্রহণ করেন তাদের হাতে পুরস্কার তুলে দেন অনুষ্ঠানের অতিথিগণ।

*******